দৈনিক ইনকিলাব

তারিখ ... SEP. 02 ...
পৃষ্ঠা 2 কলাম 6 ....

## বাংলাদেশ শিক্ষক সমিতি

# এমপিওভুক্ত সকল শিক্ষক-কর্মচারীকে ১০০ ভাগ বেতন দানের দাবী

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি আলহাজ মোহাম্মদ আব্দুস সালাম সহ-সভানেত্রী মবিনা খাতুন এবং মহাসচিব মোহাম্মদ আজীজুল হক এমপিওভুক্ত সকল শিক্ষক-কর্মচারীকে শতকরা ১০০ ভাগ বেতনের অন্তর্ভুক্ত করার জোর দাবী জানিয়েছেন। বিবৃতিতে নেতৃবৃন্দ অবিলম্বে প্রাপ্য শিক্ষকদের কল্যাণ ট্রাস্টের অর্থ বিতরণ কার্যক্রম শুরু কুখ্যাত জনবল কাঠামো বাতিল করে ৮০ জনের অধিক ছাত্র থাকলে অনুমতি ব্যাতিরেকে নতুন সেকশন খোলার অনুমতি দান এবং শিক্ষা প্রতিষ্ঠানের নতুন সময়সূচীর সার্কুলার অবিলম্বে বাতিলের জন্য সরকারের নিকট জোর দাবী জানিয়েছেন।